গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

অক্টোবর ২০২১ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২৯তম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ৩১/১০/২০২১ খ্রি. |
| সময় | : বেলা ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে অক্টোবর ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২৯তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের সেপ্টেম্বর-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**সেপ্টেম্বর ২০২১ আয় অংশ :**<br>(ক) অবশিষ্ট স্থিতি = ৩১,৯০,৬০৭/-<br>খ) সাব রেজিস্ট্রি অফিস হতে<br>প্রাপ্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর =১৫,৯৭,২৬০/-<br>মোট আয় =৪৭,৮৭,৮৬৭/-<br><br>**সেপ্টেম্বর ২০২১ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস<br>চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের<br>কর্মচারীদের বেতন = ৩৪,১০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫০০০/-<br>(ঙ) উপজেলা পরিষদ জীপগাড়ি<br>মেরামত বাবদ উত্তোলন =৬৪,০০০/-<br>চ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিরাপত্তা<br>নিয়োজিত আনসারদের বেতন বাবদ = ৬০,০০০/-<br>মোট ব্যয়= ২,৮৭,১০০/-<br><br>অবশিষ্ট স্থিতি = ৪৫,০০,৭৬৭/-<br>(পঁয়তাল্লিশ লক্ষ সাতশত সাতষট্টি) টাকা | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় সেপ্টেম্বর ২০২১ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | **উপজেলা কৃষি অফিস ঃ-** উপজেলা কৃষি অফিসার লাকসাম বলেন, রবি/২০২১-২২ মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হবে। এই কর্মসূচির আওতায় গম-৫০ জন, সরিষা-৩০০ জন, বাদাম ৫০-জন, পেয়াজ -১০ জন, মসুর -২০ জন, সূর্যমুখী-৫০ ও ভুট্টা-৬০ জন এই ০৭টি ফসলের বীজ সর্বমোট ৫৪০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিতরণ করা হবে। উক্ত প্রণোদনার জন্য যথাযথভাবে প্রান্তিক কৃষক নির্বাচনের জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। সারের মূল্য উর্ধগতি রোধে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান কৃষি যান্ত্রিকীকরণের লক্ষ্যে ১২০০ বর্গফুট একতলা ভবন উপজেলা পরিষদের অভ্যন্তরে নির্মাণের জন্য জায়গা বরাদ্দের জন্য পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা কৃষি অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। এছাড়া ভবন নির্মাণের বিষয়টি উপজেলা পরিষদের প্ল্যান অনুযায়ী জায়গা অবশিষ্ট থাকলে বরাদ্দ দেওয়া হবে অন্যথায় পরিষদের বাহিরে নির্মাণের জন্য সিদ্ধান্ত হয়। | উপজেলা কৃষি অফিসার, লাকসাম |
| ৭.২ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ**<br>বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম তার দপ্তরের কার্যক্রম প্রেজেন্টেশনের মাধ্যমে শুরু করেন। জাতীয় পর্যায়ে কোভিড মৃত্যুর হার ২% এর বেশি কিন্তু আমাদের লাকসামে মৃত্যু হার ১.৭১%। এছাড়া লাকসাম উপজেলায় এ পর্যন্ত ১,০৩,৬৮৪ ডোজ ভ্যাক্সিন প্রদান করা হয়েছে। জাতীয় পর্যায়ে ভ্যাক্সিনেশনের হার ৪০% এবং লাকসাম উপজেলার ভ্যাক্সিনেশনের হার ৬৬%। ভ্যাক্সিন কার্যক্রমে সহযোগিতার জন্য ইউনিয়ন চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন গত একমাসে কোন কোভিড রোগী ভর্তি হয়নি। দুইজন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে এবং তারা সুস্থ হয়ে বাড়ি ফিরেছে। তিনি জানান অত্র উপজেলায় নরমাল ডেলিভারী কার্যক্রম ভালো। মাতৃ স্বাস্থ্যের উন্নতির জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কাজ করে যাচ্ছে। লাকসাম উপজেলায় ১৬টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে গত মাসে ১১,২৬৩ জন এবং স্বাস্থ্য কমপ্লেক্সের বহি:বিভাগে ৭৪১৮ জন সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন আগামী মাসে স্বাস্থ্য কমপ্লেক্সে দুটি অটোমেটেড প্যাথলজি উদ্বোধন করা হবে। সপ্তাহে দুইদিন সিজারিয়ান অপারেশন কার্যক্রম চালু হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,লাকসামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৭.৩ | **উপজেলা প্রকৌশলী অফিসঃ**<br>ক) চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ২য় কিস্তি বাবদ ২০.৩৭ লক্ষ টাকা পাওয়া গেছে। ১ম ও ২য় কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী ইতোমধ্যে স্কিম গ্রহণ করা হয়েছে। চলতি অর্থ বছরের নির্দিষ্ট সময়ে কাজ বাস্তবায়নের জন্য ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ প্রাপ্ত ২০.৩৭ লক্ষ টাকার স্কিম বাস্তবায়নের সিদ্ধান্ত রয়েছে। সে জন্য উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এবং হস্তান্তরিত বিভিন্ন দপ্তর হতে স্কিম প্রস্তাব পাওয়া গেছে যা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ান্তে বাস্তবায়নের সুপারিশ করা হয়েছে। অদ্যকার সভায় স্কিমসমূহ বাস্তবায়নের অনুমোদন প্রদান করা যেতে পারে। | ক) প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত (পরিশিষ্ট-খ তে সংযুক্ত) স্কিমসমূহ সংশ্লিষ্ট স্কিমের বিপরীতে উল্লিখিত পদ্ধতি ও ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হলো। বর্ণিত স্কিমসমূহের প্রাক্কলন অনুমোদন করা হলো। এছাড়া দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ও প্রযোজ্য ক্ষেত্রে পিআইসি কমিটি চেয়ারম্যান, উপজেলা পরিষদ অনুমোদন করবেন। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| | খ) 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের 'অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে কুমিল্লা জেলার লাকসাম উপজেলা পরিষদের অনুকূলে ১৫.০০ লক্ষ টাকা মঞ্জুরী প্রদান করা হয়েছে। মঞ্জুরীকৃত বরাদ্দ উপজেলাধীন শ্রী শ্রী রাধাকৃষ্ণ বিগ্রহ মন্দির নির্মাণে ব্যয় করতে হবে মর্মে মঞ্জুরী পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে সরেজমিনে নির্মাণাধীন মন্দির পরিদর্শন করে আলোচ্য কাজের প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। 'উপজেলা পরিষদ (হিসাব ও নিরীক্ষা) বিধিমালা, ২০১৬' এর বিধি-২৭(৩) অনুযায়ী আলোচ্য কাজটির ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন। অদ্যকার সভায় প্রণীত প্রাক্কলন অনুমোদনসহ প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | খ) প্রণীত প্রাক্কলন (পরিশিষ্ট-গ) অনুমোদনসহ স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো। অনুমোদিত হলে সীমিত দরপত্র পদ্ধতিতে কাজ বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী |
| | গ) ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ সংক্রান্ত প্রকল্পের ডিপিপি অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। উ অত্র উপজেলাধীন, মুদাফ্ফরগঞ্জ (উত্তর), মুদাফ্ফরগঞ্জ (দক্ষিণ), গোবিন্দপুর ও লাকসাম (পূর্ব) ইউনিয়নে নতুন ভবন নির্মাণের বিষয়টি উক্ত ডিপিপি তে অর্ন্তভূক্ত রয়েছে। ডিপিপি অনুমোদনের পর যেন ১ম বছরেই ভবন নির্মাণ কার্য শুরু করা সম্ভব হয় সেজন্য এখনই জমি চিহ্নিতকরণসহ অন্যান্য কার্যাদি গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | গ) জমি চিহ্নিতকরণসহ আনুষাঙ্গিক কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>চেয়ারম্যান, ইউপি |
| | ঘ) 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" এর সহায়তায় উপজেলাধীন উপ প্রকল্প নং **INF- 2019-20-201972-02 শিরোনাম: বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র (উঁচু নীচু বেঞ্চ) সরবরাহ"** কাজ সম্পন্ন হয়েছে এবং সকল বেঞ্চ নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট সরবরাহকারী মেসার্স নাসিমা এন্টারপ্রাইজ বিলের আবেদন করেছেন। সরবরাহকারীর বিল অনুমোদনসহ পরিশোধের | ঘ) উপস্থাপিত বিল (পরিশিষ্ট-ঘ) অনুমোদন করা হলো। বিল পরিশোধের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটর |

| | | | |
|---|---|---|---|
| | পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে।<br><br>ঙ) 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" এর ৫ম পর্যায়ে অবকাঠামো খাতে ৪০.০০ লক্ষ টাকা (ভ্যাট, আইটি ব্যতিত) উন্নয়ন সহায়তা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থে উপজেলাধীন-<br>১) "বরইগাঁও বালিকা উচ্চ বিদ্যালয়ে গার্লস ফ্যাসিলিটিজ রুম নির্মাণ" ২) "এম এ বারী জেহাদীয়া মোজাদ্দেদীয়া দাখিল মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাশরুম ও ডিজিটাল আইসিটি ক্লাব স্থাপন" এবং ৩) "বিভিন্ন বিদ্যালয়ে উঁচু, নীচু বেঞ্চ সরবরাহ" উপ প্রকল্প উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক বাস্তবায়নের সুপারিশ রয়েছে। এ সংক্রান্ত প্রাক্কলন ও প্রকল্প প্রস্তাব প্রণয়ন করা হয়েছে, যা অনুমোদনসহ এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে।<br><br>চ) লাকসাম - মনোহরগঞ্জ সড়ক পুনবার্সন কাজ শুরু করা হয়েছে। কাজ চলাকালীন সময়ে জনসাধারণের চলাচলে কিছুটা অসুবিধা হতে পারে। জনগণের অসুবিধা হ্রাসকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে জনসাধারণ কে বোঝানোর জন্য মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কে অনুরোধ করা হলো। এছাড়া উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজে হলরুম অংশের পাইল ড্রাইভ সম্পন্ন হয়েছে। | <br><br><br>ঙ) উপস্থাপিত প্রাক্কলন ও প্রকল্প প্রস্তাব (পরিশিষ্ট-ঙ) অনুমোদন করা হলো। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br><br><br>চ) এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কে অনুরোধ করা হলো। যথাযথভাবে কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | <br><br><br>• উপজেলা নির্বাহী অফিসার<br>• উপজেলা প্রকৌশলী,<br>• উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর<br><br><br><br>মেয়র, লাকসাম পৌরসভা<br>উপজেলা প্রকৌশলী<br>চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ। |
| ৭.৪ | **উপজেলা মৎস্য অফিস:** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার লাকসাম বলেন, ইলিশ জাতীয় সম্পদ। ২৫ সে.মিটারের নিচে ইলিশকে জাটকা বলা হয়। ইলিশ সম্পদ রক্ষার জন্য মৎস্য সংরক্ষণ ও সুরক্ষা আইন অনুযায়ী ১ নভেম্বর/২০২১ থেকে ৩০ জুন/২০২২ পর্যন্ত জাটকা ক্রয়, বিক্রয় বিপণন, পরিবহন নিষিদ্ধ করা হয়েছে। ইলিশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আইন বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। এনওসি পাওয়া সাপেক্ষে বৃহত্তর কুমিল্লা জেলার মৎস্য উন্নয়ন প্রকল্পের ডিপিপিতে অন্তর্ভুক্ত লাকসাম উপজেলাধীন বিভিন্ন পুকুরের তালিকা তুলে ধরেন। ১.পশ্চিমগাঁও কাছারি পুকুর, পৌরসভা, ২. দোখাইয়া পুকুর-২, গোবিন্দপুর, ৩. ইঞ্জিনিয়ার কলোনী সংলগ্ন ছোট পুকুর, রেলওয়ে কলোনী লাকসাম পুন:খনন করা সম্পর্কে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৎস্য অফিসের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সিনিয়র মৎস্য অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার |
| ৭.৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শ্রেণি কার্যক্রম সরকারি নীতিমালা মেনে পরিচালিত হচ্ছে। উপজেলার সকল শিক্ষক/কর্মচারী কোভিডের টিকা গ্রহণ করেছে। ১২-১৭ বছরের শিক্ষার্থীদের টিকার আওতায় আনার জন্য তালিকা প্রেরণ করা হয়েছে। ৬০-৭০% শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন নিবন্ধন পাওয়া গেছে। বাকী শিক্ষার্থীদের অনলাইন জন্ম-নিবন্ধন না থাকায় তাদের তালিকা পাঠানো যায় নি। তাই জরুরী ভিত্তিতে তাদের অনলাইন জন্ম নিবন্ধন করাতে ইউপি চেয়ারম্যানদের | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা এবং পরীক্ষা গ্রহণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মনিটরিং করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| | সহযোগিতা কামনা করেন। আগামী ১৪/১১/২০২১ তারিখে এসএসসি, দাখিল, ভোকেশনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে। লাকসাম উপজেলায় এসএসসি- ২টি, দাখিল-২টি এবং ভোকেশনাল ০১টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর ৩টি বিষয়ে পরীক্ষা হবে। পরীক্ষার সময় শিক্ষার্থীদের সাথে পরীক্ষা কেন্দ্রে যাতে কোন অভিভাবক না যায় এজন্য সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ৭.৬ | **উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম বলেন ২০২১-২২ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ১ম তিন মাসের পে-রোল প্রেরণ করা শুরু হয়েছে। ভাতার টাকার সাথে অতিরিক্ত চার্জ যোগ করা থাকে যাতে ভাতাভোগীদের নিকট থেকে নগদের এজেন্টরা কোনভাবেই অতিরিক্ত অর্থ না নিতে পারে সে বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানদের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান, লাকসাম উপজেলায় প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ কার্যক্রম চলছে। যাদের পূর্ব পুরুষরা নিম্নোক্ত পেশায় জড়িত ছিল বা আছে শুধুমাত্র তারাই এই জরিপ কাজে অংশ নিবে। তাদের জরিপ শেষে ক্রমান্বয়ে বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ ও অনুদানের ব্যবস্থা করা হবে। নাপিত, জুতা সেলাইকারী, কামার, কুমোর, বাঁশ/বেত দ্বারা উপকরণ তৈরি, শীতল পাটি তৈরি, শতরঞ্জি তৈরি পেশায় নিযুক্ত জনগোষ্ঠী এই জরিপের আওতায় আসবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম |
| ৭.৭ | **উপজেলা সমবায় অফিস ঃ**<br>উপজেলা সমবায় অফিসার লাকসাম জানান, "বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন" প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আগামী ০৬ নভেম্বর ২০২১ তারিখ শনিবার ৫০তম জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। উক্ত দিবসে সকল জনপ্রতিনিধি এবং দপ্তর প্রধানগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় সমবায় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা সমবায় অফিসার, লাকসাম |
| ৭.৮ | **উপজেলা যুব উন্নয়ন অফিসঃ**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার লাকসাম বলেন, "দক্ষ যুব সমৃদ্ধ দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ" আগামী ১ নভেম্বর জাতীয় যুব দিবস উদযাপিত হবে। উক্ত দিবসে সকল জনপ্রতিনিধি এবং দপ্তর প্রধানগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় যুব দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, লাকসাম |
| ৭.৯ | **উপজেলা খাদ্য অফিসঃ**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসাম বলেন,হতদরিদ্রদের মাঝে ১০ টাকা কেজি চাল বিক্রি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দৌলতগঞ্জ খাদ্য গুদামে ৮৫০ মে.টন চাল এবং ৫০ মে.টন গম মজুদ রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসামকে বলা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম |
| ৭.১০ | **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লাকসাম বলেন,"জয়িতা অন্বেষণে বাংলাদেশ"২০২১ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ৫টি ক্যাটাগরিতে ৫জন নারী নির্বাচনপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র ও ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ অত্র কার্যালয়ে আগামী | সভায় বিস্তারিত আলোচনান্তে জয়িতা নির্বাচনে তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| | ১০/১১/২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানান। এছাড়া উক্ত বিষয়ে সহযোগিতার জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান। এছাড়া উপজেলা মহিলা বিষয়ক অফিসের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | | ২। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.১১ | **ইসলামিক ফাউন্ডেশন :**<br>ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন লাকসাম বলেন, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ০৩টি প্রাক প্রাথমিক ও ৫টি কোরআন শিক্ষা কেন্দ্রের জন্য শিক্ষক নিয়োগের আবেদন ০৭ নভেম্বর/২১ এর মধ্যে গ্রহণ করা হবে। বাকই-৬,৭,৮ নং ওয়ার্ড, মুদাফরগঞ্জ দক্ষিণ, উত্তরদা-২,৯ নং ওয়ার্ড, লাকসামপূর্ব-৩,৯ নং ওয়ার্ড থেকে আবেদন নেওয়া হবে। মসজিদের ইমাম, মুয়াজ্জিন নূরানী/কারিয়ানাসহ ন্যূনতম দাখিল বা সমপর্যায়ের সার্টিফিকেট থাকতে হবে। শূণ্য কোটার বিপরীত দ্বিগুণ অর্থাৎ ১৬ জন প্রার্থী বাছাই করে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমে প্রার্থী বাছাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন লাকসামকে বলা হয়। | ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লাকসাম |
| ৭.১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :**<br>ক) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকা, ৫৬.৯৯৪৫ মে:টন চাউল ও ৫৬.৯৯৪৫ মে:টন গমের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত টাকা ও খাদ্যশস্য হতে পরিপত্রের নীতিমালা অনুযায়ী ২০% সংরক্ষিত রেখে অবশিষ্ট টাকা ০৮টি ইউনিয়নের জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে ইউনিয়ন ওয়ারী পুন: বরাদ্দ ক্রমে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিলের জন্য অনুরোধ করা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি এ কার্যালয়ে দাখিল করেন। | ক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে দাখিলকৃত প্রকল্প তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | খ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে লাকসাম ও মনোহরগঞ্জ উপজেলার জন্য ৭১,৮৭,৫২২/৯৬১ টাকা, ১৫৯.৯৪৪ মে.টন চাল ও ১৫৯.৯৪৪ মে.টন গম বরাদ্দ পাওয়া গেছে। | খ) উক্ত বরাদ্দকৃত টাকা ও খাদ্যশস্যের মাধ্যমে পরিপত্রের নীতিমালা অনুযায়ী মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রকল্প প্রস্তাব পাওয়ার পর জেলা কমিটির অনুমোদনের জন্য বিধি মোতাবেক জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | গ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত টাকা হতে পরিপত্রের নীতিমালা অনুযায়ী ২০% সংরক্ষিত রেখে অবশিষ্ট টাকা ০৮টি ইউনিয়নের জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে ইউনিয়ন ওয়ারী পুন: বরাদ্দ ক্রমে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন | গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে দাখিলকৃত প্রকল্প তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | ওয়ারী পুন: বরাদ্দ ক্রমে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিলের জন্য অনুরোধ করা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি এ কার্যালয়ে দাখিল করেন।<br><br>ঘ) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় লাকসাম ও মনোহরগঞ্জ উপজেলার জন্য ৪৯,৫৭,৬৬৬/৬৬ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। | ঘ) উক্ত বরাদ্দকৃত টাকার মাধ্যমে পরিপত্রের নীতিমালা অনুযায়ী মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রকল্প প্রস্তাব পাওয়ার পর জেলা কমিটির অনুমোদনের জন্য বিধিমোতাবেক জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **গোবিন্দপুর ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন পরিষদসহ সকল ইউনিয়ন পরিষদে বর্তমানে জন্ম-নিবন্ধন সংশোধন কার্যক্রম ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। প্রতিদিন অনেক লোকজন পরিষদে ভীড় করে। একটা আবেদন করে সেটা উপজেলায় প্রেরণ করতে হয়। তখন উপজেলায় প্রচুর কাজের চাপ বেড়ে যায়। নাম সংশোধনের ক্ষেত্রে যে আবেদন শুধু নামের বানান ভুল থাকে বা ছোটখাট ভুল থাকে সেগুলো যেন ইউনিয়ন থেকে সংশোধন করা যায় সে বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। বয়সের ক্ষেত্রে সেটা উপজেলায় থাকলে সমস্যা নেই। এতে জনদুর্ভোগ কিছুটা লাঘব হবে এবং সেবাগ্রহিতারা উপকৃত হবে বলে তিনি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধন সংশোধনের ক্ষেত্রে বয়স সংশোধন ব্যতিরেকে অন্যান্য সংশোধন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক করা যায় কি-না এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |
| | তিনি আরো বলেন, নির্বাচন অফিসের কর্মচারী কর্তৃক কান্দিরপাড় ইউপি চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে এনআইডি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিষয়টি প্রমাণিত হয়েছে এবং নির্বাচন অফিসার এখন পর্যন্ত উক্ত কর্মচারীর বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়নি। যা খুবই হতাশাজনক দায়িত্ব অবহেলার সামিল। এছাড়া নির্বাচন অফিসে এনআইডি এর নামে প্রতিনিয়ত প্রচুর অনিয়ম ও দুর্নীতি হচ্ছে এবং জনহয়রানি বৃদ্ধি পেয়েছে। সার্বিক ব্যর্থতায় উপজেলা নির্বাচন অফিসারের ব্যাপারে কি সিদ্ধান্ত নেওয়া হবে তা জানতে পরিষদের সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাচন অফিস ও উপজেলা নির্বাচন অফিসার লাকসাম এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তক্রমে ব্যবস্থা নেয়ার জন্য উর্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্য:** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন, লাকসাম উপজেলাধীন সরকারি রাস্তার পাশে সকল পুকুরের তালিকা উপজেলা মৎস্য অফিসার পরিষদে উত্থাপন করেছেন। সকল ইউনিয়নে এ তালিকা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। তালিকা অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ব্যবস্থা নিবেন। কোথাও প্রয়োজন পড়লে উপজেলা প্রশাসনকে অবহিত করলে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলায় পাশে যে সকল পুকুর সরকারি রাস্তার ক্ষতি করছে যে সকল পুকুরের মালিকের বিরুদ্ধে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে কোভিড-১৯ ভ্যাক্সিন কার্যক্রমে নিরাপত্তায় নিয়োজিত দুইজন আনসার ২৯/৯/২১ থেকে ০৪/১০/২১ পর্যন্ত নিয়োজিত ছিল। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা আনসারদের ০৫ দিনের বিল সর্বমোট ৫০০০/- দাখিল করেছেন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত বিল পরিষদ করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়োজিত আনসারদের ৫ দিনের বেতন ৫০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |
| | মেয়র, লাকসাম পৌরসভা, লাকসাম কুমিল্লা পৌরসভার আওতাধীন উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন অফিস/ প্রতিষ্ঠান এর নিকট পৌরকর বাবদ ২০২১-২০২২ অর্থবছরের ২,০৭,৮০০/- (দুই লক্ষ সাত হাজার আটশত) টাকার বিল দাখিল করেছেন। পৌরকর বাবদ দাখিলকৃত বিল পরিশোধের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিকট পাওনা পৌরকর বাবদ ২,০৭,৮০০/- উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |
| ৯.২ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ সভা, বলেন কোভিড আক্রান্তের হার কিছুটা কমে এসেছে। তবে আমাদের সকলকে যথাযথ স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। এছাড়া লাকসাম উপজেলাধীন সরকারি রাস্তার পাশে মাছ চাষের পুকুরের তালিকা তৈরি করায় উপজেলা মৎস্য অফিসারকে ধন্যবাদ জানান। তালিকা অনুযায়ী সংশ্লিষ্টদেরকে ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। উপজেলা নির্বাচন অফিস ও উপজেলা নির্বাচন অফিসারের কার্যক্রম সন্তোষজনক নয়। বেশ কিছু অভিযোগ, দুর্নীতি ও জালিয়াতির বিষয় পরিষদের নজরে এসেছে। এ বিষয়ে সুষ্ঠ তদন্ত ও মনিটরিং এর প্রয়োজন। এছাড়া সকল দপ্তরের সার্বিক কার্যক্রম আরো দক্ষতা ও স্বচ্ছতার সাথে পরিচালনা করার জন্য দপ্তর প্রধানদের নির্দেশনা দেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলার বিভিন্ন দপ্তরের সকল সেবা কার্যক্রম আরো দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য বলা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। দপ্তর প্রধান (সকল) লাকসাম |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২১- ৭৭৭

তারিখঃ ১৫ কার্তিক ১৪২৮
৩১ অক্টোবর ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

৩১/১০/২১

( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।